



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

এপ্রিল ০৬, ২০২৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এপ্রিল ০৬, ২০২৫ তারিখ থেকে অফিস সময়সূচি সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। সকল ব্যবস্থাপক ও কর্মীদের এই নিয়ম যথাযথভাবে মেনে চলার জন্য বলা হলো ব্যত্যয়ে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে দৈবক্রমে কোনো ব্যবস্থাপক ও কর্মী অফিসে দেরিতে উপস্থিত অথবা অফিসিয়াল কাজে বা অন্য কোনো কাজে অফিস ছুটির পূর্বে অফিস ত্যাগ করলে late attendance office slip/earlier leaving office slip-এ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। কোনো ব্যবস্থাপক ও কর্মী মাঠ পর্যায়ে বা অন্য কোথাও ভ্রমণে গেলে তাকে যথাযথভাবে ভ্রমণ সূচি পূরণ করে সংশ্লিষ্ট ব্যবস্থাপকের নিকট থেকে অনুমোদন নিতে হবে। কোনো ব্যবস্থাপক ও কর্মী ছুটিতে গেলে ছুটির ফরম (ছুটিতে যাওয়ার পূর্বে) সংশ্লিষ্ট ব্যবস্থাপকের নিকট থেকে অনুমোদন নিতে হবে। অনুমোদিত “অফিসে দেরিতে উপস্থিতির স্লিপ, অফিস ছুটির পূর্বে অফিস ত্যাগের স্লিপ, ভ্রমণ সূচি ও ছুটির ফরম”-এর কপি বায়োমেট্রিক attendance মেশিনের সফটওয়্যারে এন্ট্রি দেওয়ার জন্য সংশ্লিষ্ট কম্পিউটার অপারেটরের নিকট জমা দেবেন। কোন ব্যবস্থাপক ও কর্মী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ০১ (এক) মাসে ০৩ (তিন) দিন দেরিতে অফিসে উপস্থিত হলে অথবা ০৩ (তিন) দিন অফিস ছুটির পূর্বে অফিস ত্যাগ করলে বা উভয় ক্ষেত্রে অর্থাৎ ০৩ (তিন) দিন অফিসে দেরিতে উপস্থিত/অফিস ছুটির পূর্বে অফিস ত্যাগ করলে তার ০১ (এক) দিনের সমান বেতন কর্তন করা হবে। এছাড়াও অফিসে অননুমোদিত অনুপস্থিতি সংস্থার শৃঙ্খলা ভঙ্গের সামিল যা নূন্যতম বিনা বেতনে ছুটি হিসেবে গণ্য হবে। এখানে উল্লেখ্য যে, অফিসের সকল প্রকার শৃঙ্খলা ও কর্ম পরিবেশ বজায় রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক ও কর্মীদের নিজ নিজ টেবিল/ওয়ার্কস্টেশনে অবস্থান করে নির্ধারিত কাজ করতে বলা হলো।

উপর্যুক্ত বিষয়ে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদ।

সিরাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপিঃ

১. উপ-প্রধান নির্বাহীদ্বয়।
২. উর্ধ্বতন পরিচালক/পরিচালক।
৩. বিভাগ/কর্মসূচি প্রধান।
৪. কেন্দ্রীয় ব্যবস্থাপক।
৫. নোটিশ বোর্ড।

সূত্র নংঃ এইচআরডি/২০২৫/২৭৭

HEAD OFFICE: PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.

Liaison Office: BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.

E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6